

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল, ২০০৫	সর্বোচ্চ বয়স	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পরিচালক	০১	১৫০০০-১৯৮০০/-	৪৮	টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিक्स এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ (সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ) ন্যূনতম ১৫ বছরের চাকুরীর অভিজ্ঞতা।
২.	উপ-পরিচালক	০১	১৩৭৫০-১৯২৫০/-	৪২	টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিक्स এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রীসহ (সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ) ন্যূনতম ১২ বছরের চাকুরীর অভিজ্ঞতা।
৩.	কম্পিউটার অপারেটর	০১	৩৫০০-৭৫০০/-	৩০	সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতাসহ (সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগসহ) ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। প্রতি মিনিটে টাইপিং ও ওয়ার্ড প্রসেসিং এ গতি ৫০ শব্দ হতে হবে। মাইক্রো কম্পিউটার বেসড সফটওয়্যার এ অবশ্যই ভাল দক্ষতা থাকতে হবে।

শর্তাবলী :

- আবেদনকারীকে (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ১ জুলাই ২০০৯ তারিখে বয়স, (জ) ধর্ম, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা (শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষা বছর, পাসের তারিখ ও বিভাগ/শ্রেণী) ইত্যাদি অবশ্যই উল্লেখ করে দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ৩১ জুলাই ২০০৯ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে।
- দরখাস্তের সাথে সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১ জুলাই ২০০৯ তারিখে আবেদনকারী প্রার্থীর পদের বিপরীত উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারী নিয়মনীতি অনুসরণ করা হবে।
- কেবলমাত্র বিবেচিত আবেদনকারীদের (Short List) নির্বাচনী পরীক্ষায় ডাকা হবে।

পরিচালক (প্রশাসন)  
বিটিআরসি